মিয়ানমারের নির্বাচনে পর্যবেক্ষক প্রেরণ বাতিল করল ইউরোপীয় ইউনিয়ন



সংগৃহীত ছবি

ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ঘোষণা করেছে, মিয়ানমারের ডিসেম্বরের জাতীয় নির্বাচনে তারা কোনো পর্যবেক্ষক পাঠাবে না। ইইউর মানবাধিকার বিশেষ প্রতিনিধি এই নির্বাচনকে সামরিক শাসন সমর্থিত এবং বিশ্বাসযোগ্য ফলাফলের জন্য অপ্রতুল হিসেবে আখ্যায়িত করেছেন।

মিয়ানমারে ২০২১ সালে নির্বাচিত বেসামরিক সরকারকে ক্ষমতাচ্যুত করার পর দেশটিতে সামরিক শাসন আরোপিত হয়েছে। চলতি বছরের ডিসেম্বরের জন্য পরিকল্পিত জাতীয় নির্বাচনে সমালোচকরা ইতিমধ্যেই সন্দেহ প্রকাশ করেছেন, অনেকেই এটিকে প্রহসন হিসেবে দেখছেন।

ইউরোপীয় ইউনিয়নের মানবাধিকার বিষয়ক বিশেষ প্রতিনিধি কাসজা ওলোংগ্রেন বলেছেন, মিয়ানমার সরকার কর্তৃক আয়োজন করা নির্বাচনের তদারকিতে ইউরোপীয় ইউনিয়ন কোনো পর্যবেক্ষক প্রেরণ করবে না। তিনি আরও বলেন, এই নির্বাচন মূলত সামরিক শাসন সমর্থিত এবং এর ফলাফলকে বিশ্বাসযোগ্য বলে ধরা যাবে না।

LENS ASIA